

২০/০২/১৭
AP-২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
(www.bpsc.gov.bd)

পুনঃ বিজ্ঞপ্তি

নং-৮০.১০৭.০১১.০০.০০.০১৬.২০১৫-২৪২

তারিখ : ২০-০৯-২০১৬ খ্রিঃ।

বিষয় : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট) এর “কারিকুলাম বিশেষজ্ঞ” এবং স্বাস্থ্য শিক্ষা ব্যুরো’র “সিনিয়র স্বাস্থ্য শিক্ষা অফিসার” পদের জন্য মূল আবেদনপত্র (বিপিএসসি ফরম-৩) পূরণ করে জমা দান প্রসঙ্গে।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানান যাচ্ছে যে, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট) এর “কারিকুলাম বিশেষজ্ঞ” এর ০১টি এবং স্বাস্থ্য শিক্ষা ব্যুরো’র “সিনিয়র স্বাস্থ্য শিক্ষা অফিসার” এর ২৭টি পদে সরাসরি নিয়োগের জন্য গত ২৮/০২/২০১৬ তারিখে অনলাইনে বিজ্ঞপ্তি জারি করা হয়। অনলাইনে আবেদনকারী প্রার্থীদেরকে মূল আবেদনপত্র (বিপিএসসি ফরম-৩) কমিশনের ওয়েব সাইট(www.bpsc.gov.bd) হতে ডাউনলোড করে যথাযথভাবে পূরণ পূর্বক সংশ্লিষ্ট প্রয়োজনীয় সকল শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতার সনদের সত্যায়িত কপি, ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছাবিসহ আগামী ২১/০৯/২০১৬ তারিখ হতে ২৯/০৯/২০১৬ তারিখ পর্যন্ত প্রতি কর্ম দিবসে সকাল ১০:০০টা হতে বিকাল ৪:০০টার মধ্যে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকায় জমা প্রদান করতে হবে। মূল আবেদনপত্র (বিপিএসসি ফরম-৩) ডাকযোগে কমিশন সচিবালয়ের প্রধান কার্যালয়ের ঠিকানায় পরিচালক, ইউনিট-৭ বরাবর প্রেরণ করা যাবে। উল্লেখ্য, যারা ইতোপূর্বে “কারিকুলাম বিশেষজ্ঞ” এবং “সিনিয়র স্বাস্থ্য শিক্ষা অফিসার” পদে BPSC Form-3 পূরণপূর্বক কমিশনে জমা দিয়েছেন তাদেরকে নূতন করে আর আবেদন জমা দিতে হবে না। উল্লিখিত তারিখের মধ্যে মূল আবেদনপত্র (বিপিএসসি ফরম-৩) জমা দিতে ব্যর্থ হলে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ থাকবে না অর্থাৎ তাঁর প্রার্থীতা বাতির বলে গণ্য হবে।

২। মূল আবেদনপত্র (বিপিএসসি ফরম-৩) জমা দানকারী প্রার্থীদের মধ্যে বাছাইকালে সাময়িকভাবে যোগ্য প্রার্থীদের মৌখিক পরীক্ষার তারিখ, সময়সূচি এবং অন্যান্য তথ্যাবলী পরবর্তীতে সরকারী কর্ম কমিশনের ওয়েব সাইট(www.bpsc.gov.bd) এবং দৈনিক পত্রিকার মাধ্যমে জানানো হবে।

[পড়াশুনা এবং জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন;
চাকরির ক্ষেত্রে কোনরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।



২০/০২/১৭
(শেখ শাখাওয়াৎ হোসেন)
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)
(যুগ্ম-সচিব)